



## সিরিয়ায় আবারও ইসরায়েলি বিমান হামলা, উত্তেজনা বাড়ছে দামেস্কে



সংগৃহীত ছবি

সিরিয়ার রাজধানী দামেস্কে দক্ষিণ-পশ্চিম কিসওয়া এলাকায় আবারও বিমান হামলা চালিয়েছে ইসরায়েল। প্রাক্তন সেনা ব্যারাকে চালানো এ হামলায় হেলিকপ্টার ব্যবহার ও ইসরায়েলি সেনাদের সরাসরি অবতরণের খবর পাওয়া গেছে। সিরীয় সরকার এটিকে আন্তর্জাতিক আইন ও জাতিসংঘ সনদের লঙ্ঘন বলে নিন্দা জানিয়েছে।

বুধবার (২৮ আগস্ট) রাতের দিকে সিরিয়ার রাজধানী দামেস্কে কিসওয়া এলাকায় একাধিক বিমান হামলা চালায় ইসরায়েল। কাতারভিত্তিক সংবাদমাধ্যম আলজাজিরা জানিয়েছে, প্রাক্তন একটি সেনা ব্যারাকে লক্ষ্য করে এ আক্রমণ চালানো হয়। সিরীয় সেনাবাহিনী ও দেশটির রাষ্ট্রীয় টেলিভিশন আল-ইখবারিয়া দাবি করেছে, হামলায় চারটি হেলিকপ্টার ব্যবহার করা হয়।

আলজাজিরার প্রতিবেদনে বলা হয়, ইসরায়েলি সেনারা সরাসরি ঘটনাস্থলে অবতরণ করে এবং উন্নত অনুসন্ধানী সরঞ্জাম ব্যবহার করে প্রায় দুই ঘণ্টারও বেশি সময় সেখানে অবস্থান করে। তবে ইসরায়েলি প্রতিরক্ষা বাহিনী (আইডিএফ) এ বিষয়ে কোনো মন্তব্য করেনি। এর আগে, গত মঙ্গলবার একই এলাকায় ইসরায়েলি ড্রোন হামলায় ছয়জন সিরীয় সেনা নিহত হয়েছিলেন।

এদিকে, বুধবার এক বিবৃতিতে সিরিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয় এই হামলাকে ‘আন্তর্জাতিক আইন ও জাতিসংঘ সনদের চরম লঙ্ঘন’ বলে আখ্যা দিয়েছে।

উল্লেখযোগ্যভাবে, কিসওয়ার কাছে ছয় সৈন্য নিহত হওয়ার ঘটনার একদিন পরই অন্তর্বর্তীকালীন রাষ্ট্রপতি আহমেদ আল-শারার সরকার অভিযোগ করে, ইসরায়েল ওই অঞ্চলে নিয়ন্ত্রণ সম্প্রসারণের চেষ্টা করছে। এর পরপরই নতুন করে এ হামলা চালায় ইসরায়েল।